মেহেরপুর পৌর আওয়ামী লীগসহ চার ইউনিটের সম্মেলন এপ্রিলে

আগামী ৯ এপ্রিল মেহেরপুর, ১০ এপ্রিল গাংনী উপজেলা, ১৮ এপ্রিল মেহেরপুর পৌর এবং ১৯ এপ্রিল মুজিবনগর উপজেলা আওয়ামী লীগের সম্মেলনের দিন নির্ধারণ করা হয়েছে।

আজ রবিবার মেহেরপুর সার্কিট হাউস মিলনায়তনে দলীয় নেতাকর্মীদের সাথে বৈঠক শেষ কেন্দ্রীয় আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক বিএম মোজাম্মেল হক এ সিদ্ধান্ত জানান।

তিনি জানান, আওয়ামী লীগকে সুসংহত করতে ঐক্যবদ্ধতার বিকল্প নেই। দলীয় কোন্দল, গ্রুপিং ও বিভেদ ভুলে গিয়ে দলকে সুসংগঠিত করতে হবে।

বৈঠকে আওয়ামী লীগের কেন্দ্রীয় নির্বাহী কমিটির সদস্য পারভিন জামান কল্পনা, মেহেরপুর জেলা আওয়ামী লীগের সভাপতি ও জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন, মেহেরপুর-২ আসনের সংসদ সদস্য ও গাংনী উপজেলা আওয়ামী লীগের সভাপতি সাহিদুজ্জামান খোকন, সাবেক সংসদ সদস্য প্রফেসর আব্দুল মান্নান, সাবেক সংসদ সদস্য সেলিনা আক্তার বানু, জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এম এ খালেক, যুগ্ম সাধারণ সম্পাদক অ্যাড. ইব্রাহীম শাহিন, সদস্য অ্যাড. আব্দুস সালাম, আসলাম শিহির, সাবেক শিক্ষা বিষয়ক সম্পাদক আব্দুল মান্নান, সদর উপজেলা সভাপতি গোলাম রসুল, সাধারণ সম্পাদক বোরহান উদ্দিন চুন্নু, মুজিবনগর উপজেলা সভাপতি জিয়াউদ্দিন বিশ্বাস, মেহেরপুর পৌর সভাপতি অ্যাড. ইয়ারুল ইসলাম, সাধারণ সম্পাদক আক্কাস আলী, মেহেরপুর পৌর মেয়র ও জেলা যুবলীগের আহবায়ক মাহফজুর রহমান রিটন, গাংনী পৌর মেয়র আহম্মেদ আলী, জেলা যুবলীগের যুগ্ম আহবায়ক শহিদুল ইসলাম পেরেশানসহ আওয়ামীলীগ, যুবলীগ ও ছাত্রলীগের নেতারা উপস্থিত ছিলেন।

প্রসঙ্গত, গতকাল ১৯ মার্চ মেহেরপুর পৌর আওয়ামী লীগ, আজ গাংনী উপজেলা আওয়ামী লীগ, আগামীকাল সদর উপজেলা আওয়ামী লীগ ও ২২ মার্চ মুজিবনগর উপজেলা আওয়ামী লীগের সম্মেলন অনুষ্ঠিত হওয়ার কথা ছিলো। সম্মেলনকে ঘিরে সকল প্রস্তুতিও সম্পন্ন করছিলো ইউনিটগুলো। মেহেরপুর পৌর আওয়ামী লীগের ওয়ার্ড সম্মেলনকে কোন্দল ও পাল্টা

পাল্টি কমিটি করায় সকল সম্মেলন স্থগিত করে দায়িত্বপ্রাপ্ত কেন্দ্রীয় সাংগঠনিক সম্পাদক বিএম মোজাম্মেল হক। এবং গতকাল ১৯ মার্চ রাতে বৈঠক করে সিদ্ধান্ত নেওয়ার কথা ছিলো। তার অংশ হিসেবে গতকাল রাতে জেলার নেতাদের সাথে বৈঠকে বসেন তিনি।

মেহেরপুরে টিসিবির পণ্য বিক্রয়ের উদ্বোধন

মেহেরপুরে ভর্তুকি মূল্যে ৬৬ হাজার ৭৬৩ পরিবারের মাধ্যে কার্ডের মাধ্যমে টিসিবির পণ্য বিক্রয়ের উদ্বোধন করেছেন জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপি।

রবিবার সকালে মেহেরপুর শহীদ শামসুজ্জোহা পার্কে একজন কার্ডধারীর হাতে টিসিবি পণ্য তুলে দিয়ে এ কার্যক্রমের উদ্বোধন করেন তিনি।

উদ্বোধনী অনুষ্ঠানে জলা প্রশাসক ড.মুহাম্মদ মুনসুর আলম খান, পুলিশ সুপার মোঃ রাফিউল আলম, অতিরিক্ত জেলা প্রশাসক নাজমুল হুদা, সদর উপজেলা নির্বাহী অফিসার আসাদুজ্জামান রিপন প্রমুখ উপস্থিত ছিলৈন।

মেহেরপুর জেলায় ভর্তুকি মূল্যে ৬৬ হাজার ৭৬৩ পরিবারের মাঝে কার্ডের মাধ্যমে টিসিবি পণ্য বিক্রয় করা হবে । কার্ডধারীরা এক পর্বে ২ লিটার সয়াবিন তেল, ২কেজি মশুর ডাল, ২ কেজি চিনি ক্রয় করতে পারবেন ।

কোন্দল নিরসণের পরই কাউন্সিল!

মেহেরপুর পৌর আওয়ামী লীগসহ সকল ইউনিটের বিদ্যমান কোন্দল নিরসণের পরই শান্তিপূর্ণভাবে সম্মেলন করা হবে বলে মত দিয়েছেন

গতকাল রাতে জেলার নেতাদের সাথে বৈঠকে বসেন তিনি।

মেহেরপুরে মুক্তির উৎসব ও সুবর্ণজয়ন্তী উপলক্ষে সাংস্কৃতিক অনুষ্ঠান

মেহেরপুরে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস উদযাপন এবং মুক্তির উৎসব ও সুবর্ণজয়ন্তী মেলা উপলক্ষে সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

শনিবার সন্ধ্যায় জেলা প্রশাসক চত্বরে এ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।

জেলা প্রশাসন আয়োজিত সাংস্কৃতিক অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন।

এছাড়াও জেলা প্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলম খান, পুলিশ সুপার মোঃ রাফিউল আলম, স্থানীয় সরকার বিভাগের উপ-পরিচালক মৃধা মোঃ মোজাহিদুল ইসলাম, সদর উপজেলা নির্বাহী অফিসার আসাদুজ্জামান রিপন প্রমুখ এসময় উপস্থিত ছিলেন।

এর আগে মুক্তির উৎসব ও সুবর্ণজয়ন্তী মেলার স্টলগুলি জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন পরিদর্শন করেন।

ঝিনাইদহ শ্রমিক ইউনিয়নের

নির্বাচনী কার্যালয় ভাংচুর

ঝিনাইদহ জেলা বাস, মিনিবাস, কোচ ও মাইক্রোবাস শ্রমিক ইউনিয়নের ত্রি-বার্ষিক নির্বাচনে বাবুল-সাঈদ পরিষদের নির্বাচনী কার্যালয় ব্যাপক ভাংচুর করেছে দুর্বৃত্তরা।

শনিবার দিবাগত রাত দুইটার দিকে শহরের চুয়াডাঙ্গা বাসষ্ট্যান্ড এলাকায় ঘটনা ঘটে।

জানাযায়, ঝিনাইদহ জেলা বাস, মিনিবাস কোচ ও মাইক্রোবাস শ্রমিক ইউনিয়নের ত্রি-বার্ষিক নির্বাচন আগামী ২৫ মার্চ অনুষ্ঠিত হওয়ার কথা রয়েছে। মাজহারুল ইসলাম বাবুল, সাইদুল ইসলাম সাঈদ পরিষদ ও ওলিয়ার রহমান খান, আশরাফুজ্জামান খোকন পরিষদ নির্বাচনে প্রতিদ্বন্দ্বীতা করছে।

সভাপতি পদপ্রার্থী মাজহারুল ইসলাম বাবুল অভিযোগ করেন, শুক্রবার গভীর রাতে নির্বাচনে প্রতিপক্ষ ওলিয়ার-খোকন পরিষদের সমর্থক ২৫ থেকে ৩০ জন শ্রমিকের একটি দল নির্বাচনী কার্যালয়ে হামলা চালায়।

সেসময় তারা অফিসে থাকা চেয়ার, টেবিল ভাংচুর ও ব্যানার পোষ্টার ছিড়ে ফেলে। ঘটনার খবরে শনিবার সকালে উভয় পক্ষের সমর্থকদের মধ্যে উত্তেজনা শুরু হয়। খবর পেয়ে পুলিশ পরিস্থিতি নিয়ন্ত্রনে আনে।

সাধারন সম্পাদক পদপ্রার্থী সাইদুল ইসলাম সাঈদ আভিযোগ করে বলেন, রাতে আমাদের নির্বাচনী কার্ষালয় ভাংচুর ভোটারদের নিয়ে বসেছিলাম।

সেসময় প্রতিপক্ষ গ্রুপ ওলিয়ার রহমান খান ও আশরাফুজ্জামান খোকনের দলীয় লোকজন নিয়ে আমাদের নির্বাচনী কার্যালয়ে অতর্কিত হামলা চালায়। সেসময় আমরা দৌড়ে পালিয়ে যায়। পরে তারা আমাদের নির্বাচনী কার্যালয় ব্যাপক ভাংচুর করে। এ ঘটনায় আমরা এ ঘটনার সুষ্ঠু বিচার দাবি করছি।

এ ব্যাপারে প্রতিপক্ষের সভাপতি পদপ্রার্থী ওলিয়ার রহমান খান বলেন, রাত ১০ টার দিকে ওরা আমাদের নির্বাচনী কার্যালয় ভাংচুর করে। তারপর এই ঘটনাটি ঘটেছে।

ঝিনাইদহ সদর থানার ওসি শেখ মোহাম্মাদ সোহেল রানা বলেন, খবর পেয়ে ঘটনাস্থলে পুলিশ পাঠিয়েছিলাম। বর্তমানে পরিস্থিতি স্বাভাবিক আছে। লিখিত অভিযোগ পেলে তদন্ত সাপেক্ষে দোষীদের বিরুদ্ধে

হরিণাকুণ্ডুর ধুলিয়া মাধ্যমিক বিদ্যালয়ে শান্তিপূর্ণভাবে নির্বাচন অনুষ্ঠিত

ঝিনাইদহের হরিণাকুণ্ডু উপজেলার ৩ নং তাহেরহুদা ইউনিয়নের ঐতিহ্যবাহী ধুলিয়া আদর্শ মাধ্যমিক বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির নির্বাচন শান্তিপূর্ণ ভাবে অনুষ্ঠিত হয়েছে।

বিদ্যালয়টি ২০০৫ সালে স্থাপিত হয়ে অদ্যবদী পর্যন্ত সুনামের সাথে শিক্ষাদান করে আসছে। উপজেলার ছায়াঢাকা পল্লীর জনপদ ধুলিয়া আদর্শ মাধ্যমিক বিদ্যালয়ে এক উৎসবমুখর শান্তিপূর্ণ পরিবেশে শনিবার এই ভোট গ্রহন অনুষ্ঠিত হয়। ভোট গণনা শেষে নির্বাচনে প্রিজাইডিং অফিসার মোঃ ফজলুর হক ফলাফল ঘোষণা করে।

নির্বাচন ৪ জন অভিভাবক পুরুষ সদস্যের বিপরীতে ১০ জন, সাধারণ অভিভাবক সদস্য এবং সংরক্ষিত ১ জনের বিপরীত আসনে ৩ জন প্রতিদ্বন্বিতা করেন।

মোট মহিলা ভোটার ১৫ জন। ফলাফলে অভিভাবক প্রতিনিধি হিসেবে সাধারণ আসনে ১ম স্থানে তরিকুল ইসলাম ১০৮ ভোট, ২য় স্থান মিলন হোসেন ৯৬ ভোট, রাসেল আহমেদ ৯৬ ভোট,মোঃ সেনাদুল হক ৯০ ভোট পেয়ে বিজয়ী হন। অপরদিকে মহিলা সংরক্ষিত সদস্য পদে হাসিনা খাতুন ৯৩ ভোটে নির্বাচিত হন।

প্রিজাইডিং অফিসার উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ফজলুর হক দৈনিক মেহেরপুর প্রতিদিনকে বলেন, অত্যন্তশান্তিপূর্ণ ভাবে ভোটগ্রহণ অনুষ্ঠিত হয়েছে।

এদিকে ধুলিয়া আদর্শ মাধ্যমিক বিদ্যালয়ে বিজয়ী প্রার্থীরা জানান, এই অঞ্চলের ছেলে মেয়েরা দূর দূরান্ত থেকে এসে ভর্তি হয়। স্কুল সুষ্ঠ্য ভাবে পরিচালনায় আমাদের দায়িত্ব যথাযথ পালন করবো।

শিক্ষার্থীরা যাতে একটি আদর্শ মানুষ হিসেবে তাদের সোনালী ভবিষ্যৎ গড়ে তুলতে পারে।

দর্শনায় ১শ ১১ বোতল ফেনসিডিল ৪ কেজি গাঁজাসহ গ্রেফতার ১

দর্শনা থানা পুলিশ মাদক বিরোধী বিশেষ অভিযান চালিয়ে ১শ ১১ বোতল ভারতীয় ফেনসিডিল ও ০৪ কেজি গাঁজাসহ মোঃ নাহিদ হাসান (১৯) নামের এক যুবককে গ্রেফতার করেছে পুলিশ।

গত শুক্রবার রাত আড়াইটার দিকে দর্শনা থানাধীন বড়বলদিয়া গ্রামে অভিযান চালিয়ে তাকে গ্রেফতার করা হয়। নাহিদ হাসান বড়বলদিয়া গ্রামে আঃ সালামের ছেলে।

চুয়াডাঙ্গা পুলিশ সুপার মোঃ জাহিদুল ইসলাম বিপিএম এর নির্দেশনায় দর্শনা থানার পুলিশ পরিদর্শক (তদন্ত) এস,এম আমান উল্লাহ এবং পুলিশ পরিদর্শক (অপারেশন) নিখিল চন্দ্র অধিকারীর নেতৃত্বে বড়বলদিয়া গ্রামের সালামের মুরগীর খামারের সামনে অভিযান চালায় পুলিশের একটি দল। এসময় নাহিদ হাসানকে ১শ ১১ বোতল ফেনসিডিল ৪ কেজি গাঁজাসহ আটক করা হয়।

এ ঘটনায় এসআই নীতিশ বাদি হয়ে ২ জনের বিরুদ্ধে মামলা দায়ের করেছে। গত শুক্রবারই নাহিদ হাসানকে মাদকসহ আদালতে সোপর্দ করেছে।

কুষ্টিয়ায় তাঁতীলীগের

প্রতিষ্ঠাবার্ষিকী পালন

বাংলাদেশ তাঁতীলীগের প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে কুষ্টিয়ায় আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। দিবসটি উদযাপন উপলক্ষে শনিবার সকালে কুষ্টিয়া পাবলিক লাইব্রেরি মাঠে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

আলোচনা সভা ও কেক কাটা অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন কুষ্টিয়া জেলা আওয়ামী লীগের সভাপতি আলহাজ্ব সদর উদ্দিন খান।

অনুষ্ঠানে প্রধান বক্তার বক্তব্য রাখেন জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আজগর আলী।

জেলা তাঁতীলীগের সভাপতি রুহুল আমিনের সভাপতিত্বে ও সাধারণ সম্পাদক হারুন অর রশীদের পরিচালনায় বক্তব্য রাখেন তাতীলীগের কেন্দ্রীয় কমিটির সহসভাপতি এ্যাড. নিজামুল হক চুন্নু, কুষ্টিয়া শহর আওয়ামী লীগের সভাপতি তাইজাল আলী খান, সদর উপজেলা আওয়ামী লীগের সভাপতি এ্যাড. আ স ম আক্তারুজ্জামান মাসুম, জেলা তাঁতী লীগের সহসভাপতি শহীদুল ইসলাম, যুগ্ম সাধারণ সম্পাদক বিপুল হোসেন, স্মৃতি কণা রানী বিশ্বাস, সাংগঠনিক সম্পাদক খান রেজা শামীম, মহিলা বিষয়ক সম্পাদক উরকাতুন খাতুন, মিরপুর উপজেলা তাঁতী লীগের সাধারণ সম্পাদক এডঃ ওয়াকিবুল ইসলাম লিপসন,দৌলতপুর উপজেলা তাঁতী লীগের আহ্বায়ক সজীব দেওয়ান,সদর উপজেলা তাঁতী লীগের সদস্য সচিব মেজবাহুর রহমান লীগার,খোকসা উপজেলা তাঁতী লীগের আহ্বায়ক আব্দুল হাকিম, সাইদুজ্জামান বাবলুসহ জেলা ও উপজেলা তাঁতী লীগের অন্যান্য নেতৃবৃন্দ।

সভায় বক্তারা বলেন, হস্তশিল্পের বিকাশ ঘটাতে চেয়েছিলেন বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান। তাঁত যার সুতা তার সেই ব্যবস্থা করেছিলেন বঙ্গবন্ধু। তাঁতশিল্পের রক্ষায় কাজ করতে তাতীলীগের নেতাদের এগিয়ে আসতে হবে। যাতে করে সামাজিক পেশায় স্বাবলম্বী হতে পারে।

বক্তারা আরও বলেন, সরকারকে যারা বিব্রত করছে তাদের বিরুদ্ধে রুখে দাড়াতে সবাইকে ঐক্যবদ্ধ হতে হবে। আলোচনা সভা শেষে ১৯ পাউন্ড আকৃতির কেক কাটা হয়।

এসময় সংগঠনের জেলা ও বিভিন্ন উপজেলার সদস্যরা উপস্থিত ছিলেন।

[redacted]

[redacted]

ওয়ার্ডে আওয়ামী লীগের ত্রি-বার্ষিক সম্মেলন ও কমিটি গঠন

মুজিবনগর মোনাখালী ইউনিয়নের ওয়ার্ড আওয়ামী লীগের ত্রি-বার্ষিক সম্মেলন অনুষ্ঠিত। শুক্রবার রাতে ভবানীপুর ফুটবল খেলার মাঠে ইউনিয়ন আওয়ামীলীগের উদ্যোগে এ সম্মেলন অনুষ্ঠিত হয়।

ত্রি-বার্ষিক সম্মেলনে, মোনাখালী ইউনিয়ন আওয়ামীলীগের সহসভাপতি সাইফুল ইসলাম এর সভাপতিত্ব এবং মোনাখালি ইউনিয়ন আওয়ামীলীগের সাধারণ সম্পাদক জামাত আলীর সঞ্চালনায়, প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা পরিষদের (সাবেক) প্রশাসক ও জেলা আওয়ামীলীগের সহ-সভাপতি এড মিয়াজান আলী।

ত্রি-বার্ষিক সম্মেলনের উদ্বোধক হিসাবে ছিলেন মুজিবনগর উপজেলা পরিষদের চেয়ারম্যান ও উপজেলা আওয়ামীলীগের সভাপতি জিয়াউদ্দিন বিশ্বাস।

বিশেষ অতিথি হিসাবে উপস্হিত ছিলেন জেলা পরিষদের চেয়ারম্যান ও সদর উপজেলা আওয়ামীলীগের সভাপতি আলহাজ্ব গোলাম রসুল,মেহেরপুর পৌর আওয়ামীলীগের সভাপতি ও সদর উপজেলা চেয়ারম্যান এড ইয়ারুল ইসলাম, মুজিবনগর উপজেলা আওয়ামীলীগের ((সাবেক) সাধারণ সম্পাদক ও উপজেলা ভাইস চেয়ারম্যান আলহাজ্ব রফিকুল ইসলাম মোল্লা, মুজিবনগর উপজেলা কৃষকলীগের সভাপতি নজরুল ইসলাম মন্ডল,

জেলা যুবলীগের যুগ্ম আহ্বায়ক শহিদুল ইসলাম পেরেশান, মুজিবনগর উপজেলা সেচ্ছাসেবকলীগের সভাপতি বেলাল হাসান বিপ্লব।
অনুষ্ঠানে বক্তব্য রাখেন, মহাজনপুর ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি রেজাউর রহমান নান্নু, সাধারণ সম্পাদক আব্দুর রশিদ বল্টুর, বাগোয়ান ইউনিয়নের সাবেক সাধারণ সম্পাদক কুতুবউদ্দিন মল্লিক, বিশিষ্ঠ ব্যাবস্যায়ী ও উপজেলা কাচাঁ মাল ব্যাবস্যায়ী সমিতির সভাপতি সোহেল রানা।

ত্রি বার্ষিকী সম্মেলন শেষে দ্বিতীয় অধিবেশনে, বর্তমান ওয়ার্ড আওয়ামী লীগের কমিটি গুলোকে বিলুপ্তি ঘোষণা করে জনগণের রায়ের নতুন ওয়ার্ড আওয়ামী লীগের কমিটি গঠন করা হয়। কমিটিতে,

৩নং ওয়ার্ডের আরজান আলীকে সভাপতি ও ফজলু হককে সাধারণ সম্পাদক, ৪